

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩৩

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. তায়াম্মুম (মাটির সাহায্যে পবিত্রতা অর্জন) - তায়াম্মুম করে নামায পড়ার পর (নামাযের) সময় থাকতেই কেউ পানি পেলে তার বিধান

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ \_ رضي الله عنه \_ قَالَ: خَرَجَ رَجُلَانِ فِي سَفَرٍ فَحَضَرَتْ الصَّلَاةُ \_ وَلَيْسَ مَعَهُمَا مَاءً \_ فَتَيَمَّمَا صَعِيدًا طَيِّبًا, فَصَلَّيَا, ثُمَّ وَجَدَا الْمَاءَ فِي الْوَقْتِ. فَأَعَادَ أَحَدُهُمَا الصَّلَاةَ وَالْوُضُوءَ, وَلَمْ يُعِدِ الْآخَرُ, ثُمَّ أَتَيَا رَسُولَ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ فَذَكَرَا ذَلِكَ لَهُ, فَقَالَ لِلَّذِي لَمْ يُعِدْ: «أَصَبْتَ السُّنَّةَ وَأَجْزَأَتْكَ صَلَاتُكَ» وَقَالَ لِلْآخَرِ: «لَكَ الْأَجْرُ مَرَّتَيْنِ». رَوَاهُ أَبُو دَاوُدَ, [و] النَّسَائِيُّ

صحيح. رواه أبو داود (338)، والنسائي (113)

#### বাংলা

১৩৩। আবৃ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, 'দু-জন সাহাবী সফরে বের হলেন। (পথিমধ্যে) সালাতের সময় উপস্থিত হল, কিন্তু তাদের কাছে কোন পানি ছিল না; ফলে তাঁরা উভয়ে পবিত্র মাটি দিয়ে তায়াম্মুম করে সালাত আদায় করলেন। তারপর (সালাতে) ওয়াক্ত থাকতেই তাঁরা পানি পেয়ে গেলেন। তাদের মধ্যে একজন উযু করে পুনরায় সালাত আদায় করলেন আর অপর ব্যক্তি তা করলেন না। তারপর তাঁরা উভয়েই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বিষয়টি তাঁকে জানালেন। যিনি পুনরায় সালাত আদায় করেননি। তাঁকে বললেন, তুমি সুন্নাত (নিয়ম) অনুযায়ী ঠিকই করেছ'। তোমার জন্য ঐ সালাতই যথেষ্ট হয়েছে আর অপর ব্যক্তিটিকে বললেন, 'তোমার দ্বিগুণ সওয়াব হয়েছে'।[1]

## **English**



Narrated Abu Sa'id al-Khudri (RAA):

Two men set out on a journey and when the time of Salat (prayer) came they had no water. They performed Tayammum with clean earth and prayed. Later on they found water within the time of the prayer. One of them repeated his prayer with ablution but the other did not repeat. Then they came to Allah's Messenger (), and related the matter to him. Addressing himself to the one who did not repeat, he said, "You followed the Sunnah and your (first) prayer was enough for you."[9] He said to the one who performed ablution and repeated: "For you there is a double reward". [Reported by Abu Dawud and An-Nasa'i]

## ফুটনোট

[1] আবু দাউদ ৩৩৮; নাসায়ী ১১৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন